

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

নং-৩৫.০০.০০০০.০৩২.২০.০২৯.১৭-১৭৪

তারিখঃ ১২-০৪-২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থবছরের আরএডিপি বরাদ্দ হ্রাস/বৃদ্ধি এবং উপযোজন (জিওবি ও প্রকল্প সাহায্য) প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী (আরএডিপি)তে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন চলমান প্রকল্পসমূহের অনুকূলে প্রদত্ত বরাদ্দের হ্রাস/বৃদ্ধি এবং উপযোজন (জিওবি ও প্রকল্প সাহায্য) বিষয়ে যুগ্মপ্রধান মহোদয়ের সভাপতিত্বে ১২-০৪-২০১৮ তারিখে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সওজ অধিদপ্তর, ডিটিসিএ, ডিএমটিসিএল ও বিআরটিসি'র কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় বিস্তারিত পর্যালোচনান্তে দেখা যায় যে, সওজ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের জিওবি খাতে ৭৯৮.৫৯ কোটি টাকা বিয়োজন এবং একাধিক প্রকল্পের অনুকূলে ৯০৪.৭২ কোটি টাকা যোজনের প্রস্তাব রয়েছে। সভায় ডিএমটিসিএল, ডিটিসিএ ও বিআরটিসি'র কর্মকর্তাগণ ডিএমটিসিএল ও ডিটিসিএ'র প্রকল্পসমূহ থেকে জিওবি মোট ৩১০.৮০১৪ কোটি টাকা বিয়োজনের প্রস্তাব করা হয়েছে। সওজ অধিদপ্তর ও ডিএমটিসিএল/ডিটিসিএ'র বিয়োজনকৃত অর্থসহ মোট ১১০৯.৩৯ কোটি টাকা বিয়োজন যোগ্য। তন্মধ্যে বিআরটিসি'র দু'টি প্রকল্পে জিওবি খাতে ৩.৯৩ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য খাতে ২.২৭ কোটি টাকা যোজন প্রস্তাব করা হয়েছে। সওজ অধিদপ্তরের প্রস্তাবের ১৯, ৩৬ ও ৮০ নম্বর ক্রমভুক্ত প্রকল্পের বিয়োজনের পরিমাণ অতি সামান্য বিধায় বাদ দেয়ার বিষয়ে একমত পোষণ করা হয়েছে।

০২। প্রকল্প সাহায্য খাতে বিভিন্ন প্রকল্পের ২৩৪.১৫ কোটি টাকা বিয়োজনপূর্বক বিভিন্ন প্রকল্পের অনুকূলে ১৫৭.৯৮ কোটি টাকা যোজন প্রস্তাব করা হয়েছে। বিআরটিসি'র একটি প্রকল্পে প্রকল্প সাহায্য খাতে ২.২৭ কোটি টাকা যোজন প্রস্তাব করায় প্রকল্প সাহায্য খাতে উদ্বৃত্ত অর্থের পরিমাণ ৭৬.১৭ কোটি টাকা।

০৩। এমতাবস্থায়, আলোচনা অনুযায়ী সওজ অধিদপ্তরের বিয়োজনকৃত টাকার সাথে ডিএমটিসিএল ও ডিটিসিএ'র প্রকল্পসমূহ থেকে জিওবি মোট ৩১০.৮০১৪ কোটি টাকা যোগ করে সওজ অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পে যোজনপূর্বক চূড়ান্ত উপযোজন প্রস্তাব সংলগ্নী-৪ ও ৫সহ আগামী ১৬-০৪-২০১৮ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, ঢাকা

সিনিয়র সিস্টেম এনালিস্ট	
* সিস্টেম এনালিস্ট	
* প্রোগ্রামার (সওজ/বিআরটিসি)	
* সহকারী প্রোগ্রামার (বিআরটিসি)	
* সংঃ মেঃ ইঞ্জিঃ (ডিটিসিএ/সওজ)	
* নথি	
ডায়েরী নং- ৫২	
তারিখ :- ১২/০৪/১৮	



(তওহীদ আহমদ সজল)

সিনিয়র সহকারী প্রধান

ফোন- ৯৫১৪২৬৬

E-mail: sajalpol@gmail.com

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (পত্রটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩। যুগ্মপ্রধানের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৪। উপপ্রধান (পরিঃ ও কার্যঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৫-৬। অফিস কপি/মাস্টার কপি